

R-205
S.K.K.D.E

AH-I/Bengali/CC-I/17

B.A. 1st Semester (Honours) Examination, 2017 (CBCS)

Subject : Bengali

Paper : CC-I

সময় : তিন ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

১। যে-কোনো দশটি প্রশ্নের পূর্ণবাক্যে উত্তর দাও:

২×১০=২০

- (ক) 'শ্রীকৃষ্ণকীর্তন'-এর পুঁথি কে, কোন সালে আবিষ্কার করেছিলেন? পুঁথিটি গ্রন্থাকারে কবে প্রকাশিত হয়?
- (খ) চৈতন্যজীবনী সাহিত্যের ধারায় জয়নন্দের কাব্যটির নাম কী? এই কাব্যের কয়টি খণ্ড?
- (গ) চর্যাপদের ভাষাকে কোন অভিধায় চিহ্নিত করা হয়? চর্যাপদে প্রধানত কোন রীতির ছন্দ অবলম্বিত হয়েছে?
- (ঘ) মধ্যযুগের কোন কবিকে 'অভিনব জয়দেব' আখ্যায় ভূষিত করা হয়? তাঁর দুটি কাব্যের নাম উল্লেখ করো।
- (ঙ) কোন কবির কাব্য 'পরাগলী মহাভারত' হিসেবে পরিচিত? পরাগল খাঁ কোথাকার শাসক ছিলেন?
- (চ) বাংলায় 'মনসামঙ্গল' কাব্যের কয়টি ধারা লক্ষ করা যায়? সেগুলির নাম লেখো।
- (ছ) কবিকঙ্কণের চণ্ডীমঙ্গলের অপর নাম কী? কাব্যটির কয়টি খণ্ড ও কী কী?
- (জ) 'চৈতন্যদেব প্রথম কার কাছে 'দশাঙ্কর গোপাল মন্ত্র' নিয়েছিলেন? নীলাচলে (পুরীধামে) তিনি আনুমানিক মোট কত বছর ছিলেন?
- (ঝ) বৃন্দাবনের ষড়গোস্থামীর নাম লেখো।
- (ঞ) কাশীরাম দাসের মহাভারতের কতটুকু কাশীরাম দাসের রচনা? বাকি অংশ কে সমাপ্ত করেন?
- (ট) বৃন্দাবনদাসের চৈতন্যভাগবত গ্রন্থের মোট কয়টি খণ্ড ও কয়টি অধ্যায়?
- (ঠ) দৌলত কাজীর 'সোরচন্দ্রানী' কাব্যটির প্রেরণাগত উৎসের নাম লেখো। কাব্যটির শেষাংশ কার রচনা?
- (ড) 'মেমনসিংহ গীতিকার' পালাগুলি কার উদ্যোগে সংগৃহীত হয়? এর অন্তর্গত দুটি পালার নাম লেখো।
- (ঢ) বৈষ্ণব সাহিত্যে 'দ্বিতীয় বিদ্যাপতি' নামে কোন কবি সমধিক পরিচিত? কোন রসপর্যায়ের তাঁর শ্রেষ্ঠত্ব?
- (ণ) শাক্তকবি কমলাকান্ত কোন রাজার সান্নিধ্য ও উৎসাহ লাভ করেছিলেন? তাঁর আত্মপরিচয় কোন গ্রন্থ থেকে জানা যায়?

Please Turn Over

AH-I/Bengali/CC-I/17

(2)

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও:

৫×৪=২০

- (ক) 'শ্রীকৃষ্ণকীর্তন'কে কেন 'নাট্যগীতিকাব্য' বলা হয় তা দৃষ্টান্তসহ সংক্ষেপে আলোচনা করো। ৫
- (খ) বিজয়গুপ্তের 'মনসামঙ্গল' কাব্যটির নাম কী? সংক্ষেপে কাব্যটির পরিচয় দাও। ১+৪=৫
- (গ) মহাভারত অনুবাদে কাশীরাম দাসের কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো। ৫
- (ঘ) রামপ্রসাদ সেনের শাক্তপদগুলির বৈশিষ্ট্যের পরিচয় দাও। ৫
- (ঙ) চর্যাপদে প্রতিফলিত সমাজচিত্রের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫
- (চ) বাংলার বাউল গানের ঐতিহ্য সম্পর্কে একটি সংক্ষিপ্ত নিবন্ধ রচনা করো। ৫

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও:

১০×২=২০

- (ক) বিদ্যাপতি কোন রাজ্যের কোন রাজার সভাকবি ছিলেন? বৈষ্ণবপদ সাহিত্যে বিদ্যাপতির অবদান আলোচনা করো। ২+৮=১০
- (খ) অনুবাদ সাহিত্যের ধারায় কবি কৃত্তিবাসের কৃতিত্ব বিচার করো। কৃত্তিবাসী রামায়ণ বাঙালি পাঠকের কাছে এত জনপ্রিয় কেন? ৭+৩=১০
- (গ) ধর্মমঙ্গল কাব্যধারার শ্রেষ্ঠ কবি কে? তাঁর কাব্যের সংক্ষিপ্ত পরিচয় দিয়ে শ্রেষ্ঠত্বের কারণগুলি নির্দেশ করো। ১+৬+৩=১০
- (ঘ) সপ্তদশ শতকের কবি আলাওলের কবিকৃতিত্ব আলোচনা করো। ১০

B.A. 1st Semester (Honours) Examination, 2017 (CBCS)

Subject : Bengali

Paper : CC-II

সময় : তিন ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।
যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

- ১। যে-কোনো ১০টি প্রশ্নের উত্তর দাও: ২×১০=২০
- (ক) যতিলোপ কাকে বলে?
- (খ) মিশ্রবৃত্তের শেষগণশক্তি বলতে কী বোঝায়?
- (গ) তিনটি রুদ্রদলে গঠিত পর্ব আছে—এরকম দলবৃত্ত ছন্দের একটি কবিতাংশের উদাহরণ দাও।
- (ঘ) যতি কাকে বলে?
- (ঙ) 'ছন্দ' শব্দটি তিনটি নিয়মিত ছন্দে কত করে মাত্রা পায়?
- (চ) মিশ্রবৃত্ত ছন্দের আরো দুটি নাম লেখো।
- (ছ) মহাপয়ার ছন্দের একটি উদাহরণ দাও ও মাত্রা নির্দেশ করো।
- (জ) অপূর্ণপর্ব কাকে বলে?
- (ঝ) শব্দালঙ্কার ও অর্থালঙ্কারের দুটি পার্থক্য লেখো।
- (ঞ) অতিশয়োক্তি অলংকারে উপমানের ভূমিকা কী?
- (ট) অলংকার কাকে বলে?
- (ঠ) অসংগতি অলংকারের একটি উদাহরণ দাও।
- (ড) সার্থক-নিরর্থক যমকের একটি উদাহরণ দাও।
- (ঢ) যমক ও শ্লেষ অলংকারের প্রধান পার্থক্য কোথায়?
- (ণ) ব্যাজস্ততি অলংকারের সংজ্ঞা দাও।
- ২। 'ক' ও 'খ' প্রতিটি বিভাগ থেকে দুটি করে প্রশ্নের মোট চারটি প্রশ্নের উত্তর দাও: ৫×৪=২০
- (ক) যে-কোনো দুটি কবিতাংশের ছন্দোলিপি প্রস্তুত করো: ৫×২=১০
- (অ) মনে ভাবিলাম মোরে ভগবান রাখিবে না মোহ গর্তে
তাই লিখি দিল বিশ্বনিখিল দুবিষার পরিবর্তে।
- (আ) প্রণমিয়া পাটুনি কহিছে জোড় হাতে।
আমার সন্তান যেন থাকে দুখে ভাতে।।

Please Turn Over

- (ই) বিনুর বয়স তেইশ যখন রোগে ধরল তারে
ওষুধে ডাক্তারে
ব্যাধির চেয়ে আধি হল বড়ো
নানা মাপের জমল শিশি নানা মাপের কৌটো হল জড়ো।
- (খ) যে-কোনো দুটির অলংকার নির্ণয় করো: ৫×২=১০
- (অ) আছিলাম একাকিনী বসিয়া কাননে।
আনিলা তোমার স্বামী বান্ধি নিজগুণে।।
- (আ) কে দেখতে পায় চোখের কাছে
কাজল আছে কি না আছে,
তরল তব সজল দিঠি মেঘের চেয়ে কালো।
- (ই) দেখিলাম কালবৈশাখীর
ভুকুটি কুটিল কালো কঠোর কাঠিন্যভরা মুখ।
- ৩। নীচের দুটি প্রশ্নের উত্তর দাও: ১০×২=২০
- (ক) উদাহরণসহ তিনটি নিয়মিত ছন্দের মাত্রাবিন্যাসের পার্থক্য দেখাও। প্রসঙ্গত উদাহরণসহ সনেটের বৈশিষ্ট্যগুলি লেখো। ৬+৪=১০
- অথবা
- মিশ্রবৃত্তের পয়ারের সঙ্গে অমিত্রাক্ষর ছন্দের সাদৃশ্য ও পার্থক্য উদাহরণসহ স্পষ্ট করো। কে প্রথম সার্থকভাবে কোন গ্রন্থে মুক্তক ছন্দ ব্যবহার করেছিলেন? ৮+২=১০
- (খ) রূপক অলংকারের সংজ্ঞা, শ্রেণিবিভাগ উদাহরণসহ বর্ণনা করো। উৎপ্রেক্ষা অলংকারের সঙ্গে এই অলংকারের পার্থক্য নির্দেশ করো। ৭+৩=১০
- অথবা
- সাদৃশ্যমূলক অলংকারের সঙ্গে বিরোধমূলক অলংকারের পার্থক্য কোথায়? উভয় শ্রেণির একটি করে অলংকার দুটি করে উদাহরণসহ বুঝিয়ে দাও। ৪+৬=১০